



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক সংখ্যা : পনি/মাধ্য/৬৩/১০

তারিখ : ২০/০১/২০১৫

বিষয় : প্রাপ্য স্কাউট ফিসমূহ সংশ্লিষ্ট উপজেলা ও জেলা স্কাউটসে জমাদানের রশিদ প্রদর্শন সাপেক্ষে প্রবেশ পত্র প্রদান প্রসঙ্গে।


প্রিয় মহোদয়,

সরকারি নির্দেশনা মোতাবেক মাধ্যমিক ও সমমানের মাদ্রাসা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সকল ছাত্র-ছাত্রীদের নিকট থেকে স্কাউট ফি বাবদ মাথাপিছু ২০/- (বিশ) টাকা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রতি বছর আদায় করে থাকে। আদায়কৃত অর্থের ১৫/- (পনের) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্কাউট তহবিলে রেখে অবশিষ্ট ৫/- (পাঁচ) টাকার মধ্যে ছাত্র-ছাত্রী প্রতি ৩/- (তিন) টাকা হারে উপজেলা স্কাউটসকে এবং ছাত্র-ছাত্রী প্রতি ২/- (দুই) টাকা হারে জেলা স্কাউটসকে প্রদানের বিধান রয়েছে। এছাড়াও প্রতি বছর মেম্বারশীপ ফি ও স্কাউট দলের রেজিঃ নবায়ন ফি বাবদ যথাক্রমে ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা ও ১০০/- (একশত) টাকাসহ প্রতিষ্ঠান প্রতি মোট ৩৩০/- (তিনশত ত্রিশ) টাকা সংশ্লিষ্ট উপজেলা স্কাউটস এ জমা দেওয়ার বিধান রয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোরের কার্যক্রম অন লাইন ভিত্তিক হওয়ার পর থেকে (২০১১-১২ অর্থ বছর) উপরে উল্লিখিত ফিসমূহ বকেয়াসহ আদায় করতে বলা হলো। উল্লেখ্য, দূরত্ব ও সময় বিবেচনায় কোন প্রতিষ্ঠান উপজেলা ও জেলার প্রাপ্য সকল ফি আপাততঃ উপজেলা স্কাউটসেও জমা দিতে পারেন; পরবর্তিতে জেলা ও উপজেলা স্কাউটস নিজেদের মধ্যে আদায়কৃত অর্থ সমন্বয় করে নেবেন।

এমতাবস্থায়, আপনার কেন্দ্রের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে উপজেলা ও জেলা স্কাউটস এর বর্ণিত প্রাপ্য ফিসমূহ (তিন বছরের বকেয়াসহ হাল নাগাদ) সংশ্লিষ্ট উপজেলা ও জেলা স্কাউটসে জমাদানের মূল রশিদ প্রদর্শন সাপেক্ষে আসন্ন এসএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র প্রদান করতে বলা হলো। বকেয়াসহ ফিসমূহ আদায়ে উপজেলা স্কাউটস সম্পাদক সংশ্লিষ্ট কেন্দ্র সচিব এবং প্রতিষ্ঠান প্রধানগণের সাথে নিবিড় যোগাযোগ ও সমন্বয় রক্ষা করবেন।

উপরিউক্ত বিষয়ে জরুরি ভিত্তিতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানানো হ'ল।

প্রাপক :
কেন্দ্র সচিব
মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র।


(প্রফেসর মোঃ আলাউদ্দিন মিয়া)

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।


ফোন : ০৪২১-৬৮৬৪০

তারিখ : ২০/০১/২০১৫

স্মারক সংখ্যা : পনি/মাধ্য/৬৩/১০

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা
০২. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
০৩. আঞ্চলিক পরিচালক ও সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, খুলনা অঞ্চল, যশোর
০৪. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা, খুলনা বিভাগ
০৫. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা, খুলনা অঞ্চল
০৬. সহকারি পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা, খুলনা অঞ্চল
০৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা, খুলনা বিভাগ
০৮. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা, খুলনা অঞ্চল।
০৯. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।


(প্রফেসর মুহাম্মদ আবু দাউদ)

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৬৬

